



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



মুজিব
শতবর্ষ
100

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪৪.২০.৩২৫

তারিখ: ২০ বৈশাখ ১৪২৮

০৩ মে ২০২১

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৮.২০১১ (অংশ-১).৯৪; তারিখ-০২.০৩.২০২১খ্রি. মোতাবেক শেরপুর জেলার ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রী কলেজে ২০১২ সালে ইংরেজি বিষয়ের প্রভাষক পদে নিয়োগ পরীক্ষায় জনাব পি আর মুহম্মদ রাহুল ১ম স্থান এবং জনাব আবু হানিক ২য় স্থান অধিকার করে। পরবর্তীতে ২০১৯ সালে ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রী কলেজটি এমপিওভুক্ত হলে প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মুহাম্মদ খলিলুর রহমান ১ম স্থান অধিকারী জনাব পি আর মুহম্মদ রাহুলকে বাদ দিয়ে ২য় স্থান অধিকারী জনাব আবু হানিফকে এমপিওভুক্ত করান।

অপরদিকে ২০১৫ সালে ডিগ্রি পর্যায়ে দর্শন বিষয়ের প্রভাষক পদে নিয়োগ পরীক্ষায় জনাব আফরোজা আক্তার ১ম স্থান এবং জনাব যমুনা খাতুন ২য় স্থান অধিকার করে। জনাব আফরোজা আক্তার ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রী কলেজ হতে পদত্যাগ না করে ২০১৬ সালে ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলার কাতনি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসেবে যোগদানপূর্বক দায়িত্ব পালন করছেন এবং বেতন ভাতা গ্রহণ করছেন। কাতনি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত থাকা সত্ত্বেও অধ্যক্ষ জনাব মুহাম্মদ খলিলুর রহমান বিধি বহির্ভূতভাবে প্রভাষক (দর্শন) পদে জনাব আফরোজা আক্তারকে এমপিওভুক্ত করার জন্য কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ করেন।

ঝিনাইগাতী মহিলা আদর্শ ডিগ্রী কলেজে বিধি বহির্ভূতভাবে জনাব আবু হানিফকে এমপিওভুক্তকরণ এবং জনাব আফরোজা আক্তারকে এমপিওভুক্তকরণের প্রচেষ্টার দায়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮.১(খ) ও ১৮.১(গ) ধারা অনুযায়ী অধ্যক্ষ জনাব মুহাম্মদ খলিলুর রহমান এর এমপিও স্থায়ীভাবে বাতিল করা হবে না সে বিষয়ে তাকে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

৩-৫-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক (কলেজ-৩)

জনাব মুহাম্মদ খলিলুর রহমান, অধ্যক্ষ, ঝিনাইগাতী
আদর্শ ডিগ্রী কলেজ, শেরপুর।